

খি.মি. ২৫

পাসের হার কমে যাবার নেপথ্যে-

৥ নিজামুল হক নিজাম ৥

শিক্ষক আন্দোলন ও রাজনৈতিক কারণে যথাসময়ে ক্লাস ও প্রকৃতি পরীক্ষা না হওয়ার কারণে এ বছরের এসএসসি পরীক্ষার্থীদের লেখাপড়ায় ব্যাঘাত ঘটে। এ কারণেই এ বছর পাসের হার কমেছে। বুধবার ফল প্রকাশ উপলক্ষে আয়োজিত সাংবাদিক (২য় পৃঃ ১-এর কঃ ৫ঃ)

বোর্ড	জিপিএ ৫	জিপিএ ৪-৫	জিপিএ ৩৪-৫	জিপিএ ৩-৫	জিপিএ ২-৫	জিপিএ ১-৫
ঢাকা	৯৪৩৯	৩৪৪০৪	২৮৭৩৬	৩১৫৯১	৩২৯৬৫	২২৮০
রাজশাহী	৬৯১০	২৪১১৯	২২৩৬৪	২৭৩৪৫	৩৯৫১১	৪৫৪৭
কুমিল্লা	২৩৮৭	৯০৪২	৮৩৯৩	৯৯৯৯	১১৩৭২	৮৫৮
যশোর	২৩২৯	১১১২৩	১০৭১৪	১৫৯৪৫	২৮২৩৩	২৭৫৬
চট্টগ্রাম	৩৩১৩	৯২৯৫	৬৯৭৭	৮০১৩	৭৯৬৫	৩৪০
বরিশাল	৬৪১	৩৩১০	৩৫৩৭	৫৮৫৮	১১২৩৬	১৩৬৮
সিলেট	৭১৩	২৪১১	২২৯১	৩১৮১	৫৯৭৪	৭০০
মোট	২৫৭৩২	৯৩৭০৪	৮৩০১২	১০১৯৩২	১৩৭২২৬	১২৮৪৯

পাসের হার

(প্রথম পৃঃ পর)

সর্বমুঠে শিক্ষা উপদেষ্টাসহ ৯টি শিক্ষা বোর্ডের চেয়ারম্যানরা একই মত নিয়েছেন।

২০০৬ সালের ৭টি শিক্ষা বোর্ডে পাসের হার ছিল ৫৯ দশমিক ৪৭ শতাংশ। এ বছর পাসের হার কমে গিয়ে হয়েছে ৫৭ দশমিক ৩৭ শতাংশ। এছাড়া মাদ্রাসা শিক্ষা বোর্ড ও কারিগরি শিক্ষা বোর্ডসহ ৯টি শিক্ষা বোর্ডেও গড় পাসের হার কমেছে। ২০০৬ সালের ৯টি শিক্ষা বোর্ডে পাসের হার ছিল ৬২ দশমিক ২২ শতাংশ। এ বছর ৯টি শিক্ষা বোর্ডে পাসের হার ৫৮

দশমিক ৩৬ শতাংশ।

শতভাগ বেতনের দাবি নিয়ে গত বছরের মাকামাতি শিক্ষকরা রাজপথে নামে। এছাড়া তারা নানা কর্মসূচী ঘোষণা করেন। এ কারণে দেশের শিক্ষাসম্মে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি হয়। এ সময় খুলে ক্লাস, পরীক্ষা ঠিকমত না হওয়ার বিশেষ করে এইচএসসি পরীক্ষার্থীরা এর শিকার হয়। একাধিক স্কুলের শিক্ষকরা জনিয়েছেন, এ বছর ছাত্র-ছাত্রীদের নানা অস্থিরতার মধ্য দিয়ে লেখাপড়া করতে হয়েছে। রাজনৈতিক অস্থিরতা এর মধ্যে অন্যতম, আর এ কারণেই পাসের হার কমেছে।